DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) 🕒 তৈরি: 16 Aug 2026, 08:13 AM

জাতীয়

# শুধু বিমান টিকিট নয়, আনুষঙ্গিক খরচ কমিয়ে হজ প্যাকেজ সাজানো হবে: প্রতিমন্ত্রী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শুক্রবার, ৩১ জুলাই ২০২৬, ০৮:৪০ AM



বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত। ছবি: সংগৃহীত

বেসামরিক বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত বলেছেন, শুধু বিমান টিকিট নয়, আনুষঙ্গিক খরচ কমিয়ে হজ প্যাকেজ সাজানো হবে।

বৃহস্পতিবার (৩০ জুলাই) সকালে রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে জাতীয় হজ ও ওমরাহ মেলায় তিনি এ কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, হজের ভাড়া কমানোর সম্পূর্ণ কৃতিত্ব প্রধানমন্ত্রী তারেক রহমানের। হজের সুযোগ-সুবিধা নিশ্চিত করতে সৌদি রাষ্ট্রদূতকে ডাকা হয়েছিল, এ সময় খরচ আরো কমানোর জন্য আলোচনা করা হয়েছে।

এ সময় প্রতিমন্ত্রী জানান, ডি ক্যাটাগরির প্যাকেজে সি ক্যাটাগরির সুবিধা নিশ্চিতে সরকার চেষ্টা করে যাচ্ছে। এতে হাজিদের অনেকটা সুবিধা হবে।

তিনি আরও বলেন, ২০২৬ সালের হজ ব্যবস্থাপনার চেয়েও ২০২৭ সালের হজ ব্যবস্থা আরো ভালো করতে চায় এ দেশের এজেন্সিরা। হাজিদের লাগেজ, খাবারসহ যে অসুবিধার কথা বলা হয়েছে, সেগুলো আর হবে না।

---

## এ বিভাগের আরও খবর



**রাজধানীতে ২৪ ঘণ্টায় ৫১১ জন গ্রেপ্তার**
রাজধানীতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৫১১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এ সময় বিভিন্ন থানায় ৪৯টি মামলা দায়ের ক...




**জুলাইয়ে সড়ক দুর্ঘটনায় নিহত ৪১৮ জন: বিআরটিএ**
গত জুলাই মাসে দেশে ৪৪১টি সড়ক দুর্ঘটনায় ৪১৮ জন নিহত হয়েছেন। এর মধ্যে মোটরসাইকেল দুর্ঘটনায় সবচেয়ে বেশি ১০৯ জন প্রাণ হারিয়েছেন।এসব দুর্ঘটনায় আহ...



**প্রথমবার কিশোরগঞ্জ সফরে প্রধানমন্ত্রী তারেক রহমান**
প্রধানমন্ত্রী তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো আজ রোববার কিশোরগঞ্জ সফর করছেন। জাতীয় মৎস্য পক্ষ-২০২৬-এর উদ্ব...




**প্রধানমন্ত্রী কিশোরগঞ্জ যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী তারেক রহমান আজ রবিবার (১৬ আগস্ট) কিশোরগঞ্জ সফরে আসছেন। ঢাকা থেকে সড়কপথে রওয়ানা হয়ে কিশোরগঞ্জ সদর ছাড়াও কটিয়াদী ও পাকুন্দিয়া উপ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/shudhu-biman-tikit-ny-anushnggik-khrch-kmiye-hj-pjakej-sajano-hbe-prtimntri